

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কার্যালয়
চট্টগ্রাম।

www.dpe.chittagong.gov.bd

স্মারক নং- ৩৮.০১.১৫০০.০০০.২০২৬.৩০৭৬

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

নিয়োগপত্র

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরধীন রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা, ২০২৫ এর ফলাফলের ভিত্তিতে কেন্দ্রীয় প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী বেতনস্কেল: টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) বেতনক্রমে চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষকের শূন্যপদে ২ নং অনুষ্টেদের শর্ত অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

ক্রমিক নম্বর	রোল নম্বর	উপজেলা/থা নাভিত্তিক মেধাক্রম	নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১	৪৫৫৫৯১৭	০৩	জনাব শ্রাবস্তী চক্রবর্তী পিতা- রঘুনাথ চক্রবর্তী মাতা- অনিতা ভট্টাচার্য	গ্রাম: ধলঘাট, ডাক: ধলঘাট -৪৩৭০, ওয়ার্ড নং ৫, ধলঘাট ইউপি, উপজেলা: পটিয়া, চট্টগ্রাম।	দিদার বিল্ডিং, মহিম দাস রোড, পাথরঘাটা, জিপিও, কোতোয়ালী, চট্টগ্রাম।
২	৪৫১৭০৮৯	০৫	জনাব মো: ওয়াসিফ উদ্দিন পিতা- মুহাম্মদ নিজাম উদ্দিন মাতা- নার্গিস নাহার	গ্রাম: পশ্চিম হাইদগাঁও, (মহিউদ্দিন চেয়ারম্যানের বাড়ী, ওয়ার্ড নং- ১নং ডাক: হাঙ্গদগাঁও, ১২ নং হাইদগাঁও ইউনিয়ন, উপজেলা: পটিয়া, চট্টগ্রাম	গ্রাম: পশ্চিম হাইদগাঁও, (মহিউদ্দিন চেয়ারম্যানের বাড়ী, ওয়ার্ড নং- ১নং ডাক: হাঙ্গদগাঁও, ১২ নং হাইদগাঁও ইউনিয়ন, উপজেলা: পটিয়া, চট্টগ্রাম
৩	৪৫৪২১৫৮	১৬	জনাব ফাল্গুনী মিত্র পিতা- কমল মিত্র মাতা- কনিকা মিত্র	সাং: কেলিশহর, পূর্বপাড়া, দারগাহাট, শিল্পী মেসার বাড়ি, ওয়ার্ড নং -৫, ১১ নং কেলিশহর ইউনিয়ন, ডাক: কেলিশহর, -৪৩৭০, উপজেলা: পটিয়া, চট্টগ্রাম।	সাং: কেলিশহর, পূর্বপাড়া, দারগাহাট, শিল্পী মেসার বাড়ি, ওয়ার্ড নং -৫, ১১ নং কেলিশহর ইউনিয়ন, ডাক: কেলিশহর, -৪৩৭০, উপজেলা: পটিয়া, চট্টগ্রাম।

২। (ক) যোগদানের তারিখ থেকে ২(দুই) বৎসর পর্যন্ত চাকুরিকাল শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে।

(খ) শিক্ষানবিশকালে কর্মদক্ষতা, আচরণ ও সন্তোষজনক চাকুরির রেকর্ড সাপেক্ষে বিধি মোতাবেক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে এবং শিক্ষানবিশকালে যে কোন ধরনের অসদাচরণের জন্য কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করা যাবে।

(গ) শিক্ষানবিশকালে কোন ধরনের বদলির আবেদন করা যাবে না।

(ঘ) শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঙ) নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃক যে কোন সময়ে সরবরাহকৃত যে কোন তথ্য ও সনদপত্র মিথ্যা/ভুল/কৃত্রিম প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর/তাদের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।

(চ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে যোগদানের পর সরকার নির্ধারিত ০২ (দুই) মাসের প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

(ছ) অন্যান্য ০৪ (চার) বৎসরের মধ্যে নির্ধারিত মৌলিক প্রশিক্ষণ (বিটিপিটি) গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ হলে কিংবা অনুত্তীর্ণ হলে তার চাকরি স্থায়ী করা হবে না এবং চাকরি বিধি অনুসারে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বক্ত সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না।


(ঝ) এ নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

৩। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে হবে।

৪। অনুষ্টেদ ১, ২ ও ৩ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখ বৃহস্পতিবার অফিস চলাকালীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। নিয়োগকৃত শিক্ষকগণ বেতন-ভাতাদি 'প্রাতিষ্ঠানিক কোড নং ১২৪০২০৯০০০০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ'-এর বেতন ভাতাদি খাত হতে প্রাপ্য হবেন।

৬। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫-২০৭, তারিখ: ০৫.১১.২০২৫ খ্রি:/ স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০২৪.২৫-২১৫, তারিখ: ১২.১১.২০২৫ খ্রি:(ঢাকা ও চট্টগ্রাম) অনুসারে এ নিয়োগ প্রদান করা হলো।


ফিরোজ আহম্মদ
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
চট্টগ্রাম।

ফোন : ০২৪১৩৬০৩০২

ই-মেইল : dpeochitt@gmail.com



স্মারক নং- ৩৮.০১.১৫০০.০০০.২০২৬.৩০৭৬/১১

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম।
৪. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৫. চীফ একাউন্টস ও ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পটিয়া, চট্টগ্রাম।
৭. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, পটিয়া, চট্টগ্রাম।
৮. জনাব.....প্রযুক্তো.....

গ্রাম/মহল্লা.....ডাকঘর/পোস্ট.....কোড.....উপজেলা, পটিয়া, চট্টগ্রাম।

৯. সংরক্ষণ নথি।


ফিরোজ আহম্মদ
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
চট্টগ্রাম।